## আখেরাত সিরিজ–১৬

## উত্থান দিবস পর্ব–১

### আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

### বিসমিল্লাহি রহমানির রহীম

আখেরাত সিরিজ-১ এ আখেরাতের ৩২ টি নাম উল্লেখ করা হয়েছে। ৩২ টি নামের চতুর্থটি "উত্থান দিবস" আজকের আলোচনার বিষয়।

**পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে: সূরা আল আনআম ৬:৩৬**

১. আর মৃতদের আল্লাহর পুনরুত্থিত করবেন এবং তার কাছেই তাদের ফিরিয়ে নেয়া হবে।

إِنَّمَا يَسْتَجِيبُ الَّذِينَ يَسْمَعُونَ ۘ وَالْمَوْتَىٰ يَبْعَثُهُمُ اللَّهُ ثُمَّ إِلَيْهِ يُرْجَعُونَ ٣٦

**যাহারা শ্রবণ করে শুধু তাঁহারাই ডাকে সাড়া দেয়। আর মৃতকে আল্লাহ পুনর্জীবিত করিবেন; অতঃপর তাহার দিকেই তাহারা প্রত্যনিত হইবে। (সূরা আল আনাম ৬:৩৬)**

Click here http://www.morningbrightness.fi/

**পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে: সূরা আল আনআম ৬:৬০**

২. তারপর তিনি তোমাদের জাগিয়ে তোলেন (ঘুম থেকে) যাতে করে নির্ধারিত সময় পূর্ণ হয়। এরপর তার কাছেই তোমাদের ফিরে যেতে হবে।

وَهُوَ الَّذِیْ یَتَوَفّٰكُمْ بِالَّیْلِ وَیَعْلَمُ مَا جَرَحْتُمْ بِالنَّهَارِ ثُمَّ
یَبْعَثُكُمْ فِیْهِ لِیُقْضٰۤی اَجَلٌ مُّسَمًّى ۚ ثُمَّ اِلَیْهِ مَرْجِعُكُمْ ثُمَّ
یُنَبِّئُكُمْ بِمَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ٦٠

**তিনিই রাত্রিকালে তোমাদের মৃত্যু ঘটান এবং দিবসে তোমরা যাহা কর তাহা তিনি জানেন। অতঃপর দিবসে তোমাদেরকে তিনি পুনর্জাগরিত করেন যাহাতে নির্ধারিত কাল পূর্ণ হয়। অতঃপর তাহার দিকে তোমাদের প্রত্যাবর্তন। অনন্তর তোমরা যাহা করো সে সম্বন্ধে তোমাদেরকে তিনি অবহিত করবেন।**
**(সূরা আল আনাম ৬:৬০)**

**পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে: সূরা আল আরাফা ৭:১৪**

৩. সে (শয়তান) বললো: আমাকে পুনরুত্থান কাল পর্যন্ত অবকাশ দিন।

قَالَ اَنْظِرْنِیْۤ اِلٰی یَوْمِ یُبْعَثُوْنَ ١٣

**সে বলিল, পুনরুত্থান দিবস পর্যন্ত আমাকে অবকাশ দাও। (সূরা আল আরাফা ৭:১৪)**

**পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে: সূরা আল হিজর ১৫:৩৬**

৪. সে (শয়তান) বললো: 'প্রভু! আমাকে অবকাশ দিন পুনরুত্থান দিবস পর্যন্ত।'

قَالَ رَبِّ فَاَنْظِرْنِیْۤ اِلٰی یَوْمِ یُبْعَثُوْنَ ٣٦

**সে বলিল, হে আমার প্রতিপালক! পুনরুত্থান দিবস পর্যন্ত আমাকে অবকাশ দাও। (সূরা আল হিজর ১৫:৩৬)**

**পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে: সূরা আন নাহল ১৬:২১**

৫. তারা (আল্লাহ ছাড়া যারা অন্যদেরকে ডাকে) মৃত, নির্জীব তাদের কখন পুনরুত্থিত করা হবে সে বিষয়ে তাদের কোনো চেতনাই নেই।

أَمْوَاتٌ غَيْرُ أَحْيَاءٍ ۖ وَمَا يَشْعُرُونَ أَيَّانَ يُبْعَثُونَ ﴿٢١﴾

**তাহারা নিস্প্রান, নির্জিব এবং কখন তাহাদেরকে পুনরুত্থিত করা হইবে সে বিষয়ে তাহাদের কোনো চেতনা নাই। (সূরা আন নাহল ১৬:২১)**

**পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে: সূরা আন নাহল ১৬:৩৮**

৬. তারা (কাফিররা) জোর দিয়ে আল্লাহর নামে কসম খেয়ে বলে: 'যারা মরে যায় আল্লাহ তাদের পুনরুত্থিত করবেন না।

وَأَقْسَمُوا بِاللَّهِ جَهْدَ أَيْمَانِهِمْ ۙ لَا يَبْعَثُ اللَّهُ مَنْ يَمُوتُ ۚ بَلَىٰ
وَعْدًا عَلَيْهِ حَقًّا وَلَٰكِنَّ أَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُونَ ﴿٣٨﴾

**উহারা দৃঢ়তার সঙ্গে আল্লাহর শপথ করিয়া বলে, 'যাহার মৃত্যু হয় আল্লাহ তাহাকে পুনর্জীবিত করিবেন না.' কেন নয়, তিনি তাঁহার প্রতিশ্রুতি পূরণ করিবেনই। কিন্তু অধিকাংশই মানুষ ইহা অবগত নহে- (সূরা আন নাহল ১৬:৩৮)**

**পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে: সূরা মরিয়ম ১৯:১৫**

৭. তার (নবী ইয়াহিয়া (আ:)) প্রতি সালাম যেদিন তার জন্ম হয়েছিল, যেদিন তার মৃত্যু হবে যেদিন সে পুনরুত্থিত হবে।

وَسَلَامٌ عَلَيْهِ يَوْمَ وُلِدَ وَيَوْمَ يَمُوتُ وَيَوْمَ يُبْعَثُ حَيًّا ﴿١٥﴾

**তাহার প্রতি শান্তি যেদিন সে জন্মলাভ করে, যেদিন তাহার মৃত্যু হইবে এবং যেদিন সে জীবিত অবস্থায় উত্থিত হইবে। (সূরা মরিয়ম ১৯:১৫)**

**Click here** [http://www.morningbrightness.fi/](http://www.morningbrightness.fi/)

**<u>পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে:</u>** **<u>সূরা মরিয়ম ১৯:৩৩</u>**

৮. (কোলের শিশু ঈসা বলেছিল) আমার প্রতি সালাম, যে দিন আমি জন্ম নিয়েছি, যেদিন আমার মৃত্যু হবে এবং যেদিন আমাকে পুনরুত্থিত করা হবে।

وَالسَّلٰمُ عَلَيَّ يَوْمَ وُلِدْتُّ وَيَوْمَ اَمُوْتُ وَيَوْمَ اُبْعَثُ حَيًّا ﴿٣٣﴾

**আমার প্রতি শান্তি যেদিন আমি জন্মলাভ করিয়াছি, যেদিন আমার মৃত্যু হইবে এবং যেদিন জীবিত অবস্থায় আমি উত্থিত হইব। (সূরা মরিয়ম ১৯:৩৩)**

**<u>পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে:</u>** **<u>সূরা আল হজ্জ্ব ২২:৭</u>**

৯. এবং কবরে যারা আছে আল্লাহ অবশ্যই তাদের পুনরুত্থিত করবেন।

وَّاَنَّ السَّاعَةَ اٰتِيَةٌ لَّا رَيْبَ فِيْهَا ۙ وَاَنَّ اللّٰهَ يَبْعَثُ مَنْ فِي الْقُبُوْرِ ﴿٧﴾

**এবং কিয়ামত আসিবেই, ইহাতে কোনো সন্দেহ নাই এবং কবরে যাহারা আছে তাহাদেরকে নিশ্চয়ই আল্লাহ উত্থিত করিবেন। (সূরা আল হজ্জ্ব ২২:৭)**

**<u>পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে:</u>** **<u>সূরা আল মুমিনুন ২৩:১৬</u>**

১০. তারপর তোমরা পুনরুত্থিত হবে কিয়ামতের দিন।

ثُمَّ اِنَّكُمْ يَوْمَ الْقِيٰمَةِ تُبْعَثُوْنَ ﴿١٦﴾

**অতঃপর কিয়ামতের দিন অবশ্যই তোমাদেরকে উত্থিত করা হইবে। (সূরা আল মুমিনুন ২৩:১৬)**

**Click here http://www.morningbrightness.fi/**

**পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে:** **সূরা আল মুমিনুন ২৩:৯৯,১০০**

১১. আর তাদের সামনেই আছে বরযখ (barrier) পুনরুত্থান কাল পর্যন্ত।

حَتّٰٓى اِذَا جَآءَ اَحَدَهُمُ الْمَوْتُ قَالَ رَبِّ ارْجِعُوْنِ ۙ﴿٩٩﴾

**যখন উহাদের কাহারো মৃত্যু উপস্থিত হয় তখন সে বলে, 'হে আমার প্রতিপালক! আমাকে পুনরায় প্রেরণ কর, (সূরা আল মুমিনুন ২৩:৯৯)**

لَعَلِّيْٓ اَعْمَلُ صَالِحًا فِيْمَا تَرَكْتُ كَلَّا ۭ اِنَّهَا كَلِمَةٌ هُوَ قَآئِلُهَا ۭ وَ
مِنْ وَّرَآئِهِمْ بَرْزَخٌ اِلٰى يَوْمِ يُبْعَثُوْنَ ﴿١٠٠﴾

**'যাহাতে আমি সৎকর্ম করিতে পারি যাহা আমি পূর্বে করি নাই।' না ইহা হইবার নয়. ইহা তো উহার একটি উক্তি মাত্র। উহাদের সম্মুখে বরযখ থাকিবে উত্থান দিবস পর্যন্ত। (সূরা আল মুমিনুন ২৩:১০০)**

**পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে:** **সূরা আশ শোয়ারা ২৬:৮৭**

১২. (ইব্রাহিম (আ:) এর দোয়া) পুনরুত্থান দিবসে তুমি আমাকে অপমানিত করো না।

وَلَا تُخْزِنِيْ يَوْمَ يُبْعَثُوْنَ ۙ﴿٨٧﴾

**এবং আমাকে লাঞ্চিত করিও না পুনরুত্থান দিবসে। (সূরা আশ শোয়ারা ২৬:৮৭)**

**Click here [http://www.morningbrightness.fi/](http://www.morningbrightness.fi/)**

**পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে:** **সূরা আন নামল ২৭:৬৫**

১৩. তারা কখন পুনরুত্থিত হবে তাও তারা জানে না।

قُلْ لَّا يَعْلَمُ مَنْ فِي السَّمٰوٰتِ وَ الْاَرْضِ الْغَيْبَ اِلَّا اللّٰهُ ؕ وَ مَا
يَشْعُرُوْنَ اَيَّانَ يُبْعَثُوْنَ ﴿٦٥﴾

**বলো, 'আল্লাহ ব্যতীত আকাশমন্ডলী ও পৃথিবীতে কেহই অদৃশ্য বিষয়ের জ্ঞান রাখে না এবং উহারা জানে না উহারা কখন উত্থিত হইবে। (সূরা আন নামল ২৭:৬৫)**

**পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে:** **সূরা ইয়াসিন ৩৬:৫২**

১৪. তারা বলবে: "হায় ধ্বংস আমাদের কে উঠলো আমাদেরকে আমাদের নিদ্রাস্থল থেকে?"

قَالُوْا يٰوَيْلَنَا مَنْۢ بَعَثَنَا مِنْ مَّرْقَدِنَا ٚ هٰذَا مَا وَعَدَ الرَّحْمٰنُ وَ
صَدَقَ الْمُرْسَلُوْنَ ﴿٥٢﴾

**উহারা বলিবে, 'হায়! দুর্ভোগ আমাদের! কে আমাদেরকে আমাদের নিদ্রাস্থল হইতে উঠাইলো? দয়াময় আল্লাহ তো ইহারই প্রতিশ্রুতি দিয়েছিলেন এবং রাসুলগণ সত্যই বলিয়াছিলেন।' (সূরা ইয়াসিন ৩৬:৫২)**

**পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে:** **সূরা আস সাফফাত ৩৭:১৪৪**

১৫. তাহলে তাকে (ইউনুস (আ:) কে) তার (মাছের) পেটেই থাকতে হতো পুনরুত্থান দিবস পর্যন্ত।

لَلَبِثَ فِيْ بَطْنِهٖۤ اِلٰى يَوْمِ يُبْعَثُوْنَ ﴿١٤٤﴾ النصف ع

**তাহা হইলে তাহাকে উত্থান দিবস পর্যন্ত থাকিতে হইতো উহার উদরে। (সূরা আস সাফফাত ৩৭:১৪৪)**

**পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে:** **সূরা মুজদালা ৫৮:৬**

১৬. সে দিন আল্লাহ তাদের সবাইকে পুনরুত্থিত করবেন।

يَوْمَ يَبْعَثُهُمُ اللَّهُ جَمِيعًا فَيُنَبِّئُهُم بِمَا عَمِلُوا ۚ أَحْصَاهُ اللَّهُ وَ
نَسُوهُ ۚ وَاللَّهُ عَلَىٰ كُلِّ شَيْءٍ شَهِيدٌ ﴿٦﴾

**সেই দিন, যেদিন উহাদের সকলকে একত্রে উত্থিত করা হইবে এবং উহাদেরকে জানাইয়া দেওয়া হইবে যাহা উহারা করিত; আল্লাহ উহার হিসাব রাখিয়াছেন, আর উহারা তাহা বিস্মৃত হইয়াছে. আল্লাহ সর্ববিষয়ে সম্যক দ্রষ্টা। (সূরা মুজদালা ৫৮:৬)**

সুতরাং প্রিয় ভাই ও বোনেরা, আসুন আমরা আল্লাহর কাছে দোয়া করি, হে আমাদের প্রভু আর রহমান আর রহিম পুনরুত্থান দিবসে আমাদেরকে অপমানিত করো না। দুনিয়ায় আমাদেরকে কুরআন ও হাদিস মোতাবেক সঠিক পথে চলার তৌফিক দান করুন।

**আমিন**

**আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু**

**Click here** **http://www.morningbrightness.fi/**